বিজেপির বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে মহামিছিল তৃণমূলের, পাল্টা বিজেপিরও

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ পশ্চিম মেদিনীপুরের দুটি প্রান্তে বিজেপি ও তৃণমূলের দড়ি টানাটানি এই মুহূর্তে প্রবল। তার একটি হল কেশিয়াড়ি, অপরটি গড়বেতা গোয়ালতোড়ে এলাকা। জঙ্গলমহলের দুই এলাকাতেই বিজেপির উত্থান হতেই বেশ কয়েকবার শাসকদলের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সম্প্রতি বিজেপির ডাকা বনধের দিনে কেশিয়াড়িতে খুন হয়েছেন এক ব্যবসায়ী। উল্টো দিকে গোয়ালতোড়েও দুপক্ষাতে সংঘর্ষ, দলীয় কার্যালয় পোড়ানোর মতো ঘটনা ঘটেছে। তাই কেশিয়াড়িতে তৃণমূলের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে বুধবার বিজেপি মহামিছিল করে। উল্টোদিকে বিজেপির বিরুদ্ধে একই রকম অভিযোগ করে গোয়ালতোড়ে প্রতিবাদী মিছিল ও সভা করে তৃণমূল। পঞ্চায়েত নির্বাচনে কেশিয়াড়িতে বিজেপি ভালো ফল করতেই তৃণমূলের সঙ্গে সংঘর্ষ বাঁধে। উত্তপ্ত কেশিয়াড়ি তে বিজেপির বনধের দিনে এক ব্যবসায়ী খুন হতেই একে অপরের উপর চাপানউতোর শুরু হয়। সেই কেশিয়াড়িতেই বুধবার শাসকদলের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে প্রতিবাদী মহামিছিল করে বিজেপি। যেখানে ছিলেন বিজেপি নেতা জয় ব্যানার্জী-সহ জেলাসভাপতি সমিত দাস, এর সঙ্গে কয়েক হাজার বিজেপি সমর্থক। উল্টোদিকে কেশিয়াড়ির মত পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়েও বিজেপির সন্ত্রাসের প্রতিবাদী সভা করে তৃণমূল। গোয়ালতোড়ে বুধবার বিকালে এই সভা করেন জেলা তৃণমূলের নেতারা। কয়েক হাজার কর্মী সমর্থকদের নিয়ে এই সভার আগে একটি বিশাল মহামিছিল করে তারা। সভাতে উপস্থিত ছিলেন তৃণমূলের নেতা তথা সাংসদ মানস ভুঁইয়া, জেলাসভাপতি অজিত মাইতি, সহ সভাধিপতি উত্তরা সিংহ হাজরা ও বিধায়কগণ। এই সভা থেকে সম্প্রতি মানিকদিপা ও চাতরা এলাকায় তৃণমূল কংগ্রেস কার্যালয়ে যে ভাঙচুর ও আগুন লাগানোর ঘটনা ঘটেছিল তার প্রতিবাদ করা হয়। সেই সঙ্গে জোগারডাঙ্গা এলাকায় তৃণমূল নেতা চন্দন মুখার্জীর উপর যে হামলা হয়েছিল তারও প্রতিবাদ করা হয়।

বিভিন্ন দাবিতে করণিকদের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ নিজেদের বেতন বৃদ্ধি-সহ দশ দফা দাবিতে এবার শিক্ষাভবনে ঘেরাও বিক্ষোভ ওয়েস্ট বেঙ্গল স্কুল এন্ড মাদ্রাসা ক্লার্কস্ অ্যাসোসিয়েশনের। বুধবার দুপুরে পশ্চিম মেদিনীপুর জেলার শিক্ষা ভবনে তাদের দাবি সম্বলিত একটি স্মারকলিপি দেন সংগঠনের কয়েকশো সদস্য। শিক্ষক, প্যারাটিচার ও অন্যান্যদের পর এবার নিজেদের বেতন বৃদ্ধি-সহ একাধিক সুবিধা বৃদ্ধির দাবি নিয়ে জেলার শিক্ষা ভবনে বিক্ষোভ দেখালেন ওয়েস্ট বেঙ্গল স্কুল এন্ড মাদ্রাসা ক্লার্কস্ অ্যাসোসিয়েশনের সদস্যরা। পশ্চিম মেদিনীপুর জেলাতে এমন কয়েক হাজার করণিক রয়েছেন। এই সমস্ত করণিকদের দাবি, এদের যোগ্যতা উচ্চমাধ্যমিক করতে হবে। সেই হিসেব করে বেতন বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। কর্মতালিকা প্রকাশ-সহ করণিকদের জেনারেল ট্রান্সফার চালু করা, স্কুল সার্ভিস

কমিশন ও মাদ্রাসা সার্ভিস কমিশনে শিক্ষক ও লাইব্রেরিয়ান পদে নিয়োগের ক্ষেত্রে দশ শতাংশ সংরক্ষণ দেওয়া, স্বাস্থ্য বীমা-সহ ওভারটাইম কাজের জন্য অতিরিক্ত বেতন দেওয়ার দাবি করেন তাঁরা। এই দাবিতে একটি স্মারকলিপিও এদিন তাঁরা দেন জেলার বিদ্যালয় পরিদর্শকের কাছে।

মিছিল শহিদ ও নিখোঁজ যৌথ মঞ্চের

নিজস্ব সংবাদদাতা, বেলপাহাড়ি ঃ ঝাড়গ্রামের পর এবার বেলপাহাড়িতে। বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে মিছিল করল, শহিদ ও নিখোঁজ পরিবারগুলির যৌথ মঞ্চ। একইভাবে একই দাবিতে এর আগে গত ২৬ জুন ঝাড়গ্রাম শহরে এই মঞ্চ মিছিল করে। প্রসঙ্গত, মাওবাদী সন্ত্রাসের সময় জঙ্গলমহলের ঝাড়গ্রামের প্রত্যন্ত এলাকার কয়েকশো বাসিন্দা খুন ও নিখোঁজ হন। অভিযোগ ওঠে মাওবাদীদের বিরুদ্ধে। তাদের বেশিরভাগ, বাম কর্মীসমর্থক হিসাবে পরিচিত। তৃণমূল কংগ্রেস সরকার প্রতিষ্ঠার পর সেই খুনোখুনি বন্ধ হয়। পাশাপাশি, মাওবাদী বিচারাধীন অভিযুক্তদের অনেকেই পুলিশের কনস্টেবল পদে বিভিন্ন থানায় চাকরি পান। গত পঞ্চায়েত নির্বাচনের আগে এলাকার সর্বত্রই চর্চা শুরু হয়, যারা মারল তারা পেল চাকরি, যারা প্রাণ দিল তাদের পরিবার কিছু-ই পেল না। আবার যে রাজনৈতিক দল

করার সুবাদে এত মানুষের প্রাণ গিয়েছে, সেই দলের পক্ষ থেকে এই দাবির মিছিল লক্ষ্য করা যায়নি। পঞ্চায়েত নির্বাচনের পরে নিখোঁজ ও শহিদ পরিবারগুলি নিজেরাই দাবিতে সোচ্চার হয়েছে। যার প্রথম বহিঃপ্রকাশ ঘটেছিল ঝাড়গ্রামে। ৩ অক্টোবর তার পুনরাবৃত্তি দেখা গেল বেলপাহাড়িতে। একই সঙ্গে, পাথর ব্যবসায়ীরা আমরণ অনশনে বসেছেন বেলপাহাড়ি বিডিও অফিসের সামনে। বেলপাহাড়ির নয় জন পাথর ব্যবসায়ী মঙ্গলবার সকাল থেকেই বেলপাহাড়ি বিডিও অফিসের সামনে অনশনে বসেন। তাঁদের অভিযোগ, পাথরভর্তি গাড়ি চালাতে দেওয়া হচ্ছে না। ফলে ব্যবসায়ীরা চরম আর্থিক ক্ষতির মুখে পড়ছেন। এই বিষয়ে বেলপাহাড়ির বিডিও জানিয়েছেন, বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

আরামবাগে ডেঙ্গি প্রতিরোধ নিয়ে খোঁজখবর নিতে শহরে এলেন জেলার প্রতিনিধিদল

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলি জেলার বিভিন্ন পৌর এলাকায় ডেঙ্গির প্রভাব লক্ষ্য করা গেছে। ডেঙ্গির প্রভাব পড়তেই সংশ্লিষ্ট পুরকর্তৃপক্ষগুলি মশার লার্ভা নিধনে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। শুধু তাই নয়, পতঙ্গবাহিত বিভিন্ন রোগের প্রাদুর্ভাব ঠেকাতে একাধিক পৌরকর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি গ্রহণের পাশাপাশি সচেতনতামূলক প্রচারও করছে। আরামবাগ পুরসভাও ১৯টি ওয়ার্ডে জমা জল, ব্লিচিং পাউডার ছড়ানো, নালাগুলিতে গাপ্পি মাছ ছাড়া, এলাকা পরিষ্কার রাখা-সহ একাধিক কর্মসূচিকে সামনে রেখে বারবার উদ্যোগী হয়েছে আরামবাগ পৌরএলাকায় ডেঙ্গি বা ঐ জাতীয় পতঙ্গবাহিত রোগ ঠেকাতে। পৌরসভার এই উদ্যোগ পর্যাপ্ত কিনা বা কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা সরেজমিনে দেখতে বৃহস্পতিবার খোদ জেলাশাসকের নির্দেশে এক প্রতিনিধিদল আরামবাগের বেশ কয়েকটি ওয়ার্ড ঘুরে দেখেন। এই ওয়ার্ডগুলির মধ্যে রয়েছে, ৬ নং, ১৩ নং, ১৯ নং প্রভৃতি। ওই প্রতিনিধিদল আরামবাগ পুরসভার সাফাই বিভাগের বাঁশি ব্যানার্জী ও ভোলানাথ ঘোষকে সঙ্গে নিয়ে এলাকায় এলাকায় গিয়ে বাসিন্দাদের কাছে খোঁজখবর নেওয়া থেকে শুরু করে এলাকার হালহকিকৎ পরিদর্শন করেন। এই প্রতিনিধিদলে ছিলেন, ডেপুটি ম্যাজিস্ট্রেট নেপাল মালাকার, আরামবাগ পৌরসভার এক্সিকিউটিভ অফিসার নিশীথ কুমার ভৌমিক, এসআই বিশ্বনাথ ঘোষ, ডাঃ জয়ন্ত ভৌমিক, শ্যামাপ্রসাদ দোলুই, অভিজিৎ দে প্রমুখ। এই প্রসঙ্গে সাফাই বিভাগের ভোলানাথ ঘোষ জানান, এলাকার বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করে পৌরকর্তৃপক্ষের কাজে তাঁরা সন্তোষ প্রকাশ করেছেন। এলাকায় বাড়িতে বাড়িতে ঢুকে তাঁরা বাসিন্দাদের সাথেও কথা বলেছেন। সাফাই বিভাগের কাজকর্মের খোঁজখবর নিয়েছেন। ভবিষ্যতে যাতে এই ধরণের কর্মসূচি বহাল থাকে এবং আরামবাগ পৌর এলাকার সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা যেন বিঘ্নিত না হয় সে সম্পর্কে তাঁরা আরও পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন।

আহত সাইকেল আরোহী

নিজস্ব সংবাদদাতা, বেলদা ঃ ৬০ নং জাতীয় সড়কের নেকুড়সেনীর কাছে পথ দুর্ঘটনায় আহত হলেন এক সাইকেল আরোহী। স্থানীয়রা উদ্ধার করে প্রথমে বেলদা গ্রামীণ হাসপাতালে ভর্তি করেন। পরে অবস্থার অবনতি হলে গণেশ ওঝাকে মেদিনীপুর হাসপাতালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার সকালে ৬০ নং জাতীয় সড়কে বেলদা থানার নেকুড়সেনীর কাছে পেছন থেকে একটি অটো সাইকেল আরোহী গণেশবাবুকে ধাক্কা মারে। তিনি দাঁতন থানার শাঁখারি বাজার থেকে নেকুড়সেনী দুধ বিক্রির জন্য সাইকেলে করে আসছিলেন।

অটোটি নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়ক থেকে নীচে নেমে নয়ানজুলিতে পড়ে যায়। আহত হয়েছেন চালকও। জাতীয় সড়ক কর্তৃপক্ষ, স্থানীয় ও বেলদা থানার পুলিশ গিয়ে দুজনকে উদ্ধার করে।

বিবাদী ক্লাবের পুজোয় উমা সাজবেন বনকাপাসি সাজে

চন্দ্রজিৎ মজুমদার, কান্দি ঃ দেখতে দেখতে বাংলার শ্রেষ্ঠ উৎসব এসে হাজির দোর গোড়ায়। মুর্শিদাবাদের কান্দির বিনয় বাদল দীনেশ ক্লাবের পুজোয় এবার ৬ রিপু থিমে মা সাজছেন বনকাপাসির সাজে। ২৯ ফুট চওড়া ও ১৮ ফুট চালি প্রতিমার থিম বাংলার একচালির উপর প্রতিমা। সাথে থাকছে ভারতের পুরাতন মন্দিরের আদলে

শহরের কান্দির পেট্রোল পাম্পে অবস্থিত বিনয় বাদল দীনেশ ক্লাব। প্রতি বছর এই ক্লাবের দুর্গাপুজোতে একটা বিশেষ বৈশিষ্ট্য বহন করে। নতুন নতুন থিম দেখা যায় এই ক্লাবের পুজোতে। বিভিন্ন সরকারি, বেসরকারি পুরস্কারও এই ক্লাব পেয়ে থাকে। পুজোর কটা দিন ভিড় করে এই ক্লাবের থিমের ঠাকুর দেখতে। কান্দির পেট্রোল পাম্পের বিনয় বাদল দীনেশ ক্লাবের সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এবার কান্দিতে বন্যা নেই। পঞ্জিকা মেনে আমাদের উমা আসছেন বাপের বাড়ি কান্দিতে। মা সাজছেন ডাকের সাজে। প্রতিমার থিম উমার ৬ রিপু দমন। সাথে থাকছে কাল্পনিক পৌরাণিক মন্দিরের আদলে সুদৃশ্য সোলার প্যান্ডেলের মন্ডপ। থাকছে দরিদ্র সেবার ব্যবস্থা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। ক্লাবের দুর্গাপুজোয় এবার এই থিম দেখা যাবে পুজো মন্ডপে। মন্ডপের সাথে সাথে হাল ফ্যাসানের ডিজিটাল আলোর খেলার মধ্যে দেখা যাবে সমাজের উন্নয়নের নানা চিত্র। সব মিলিয়ে কান্দির পেট্রোল পাম্পের বিনয় বাদল দীনেশ ক্লাবের পুজোয় এবার মন্ডপ থেকে লাইট, প্রতিমা থেকে শান্ত পরিবেশ সবই থাকছে পুরস্কার জেতার অপেক্ষায়। উদ্যোক্তারা থেকে প্রতিমা শিল্পীরা সকলেই ব্যস্ত তুলির শেষ টান দিতে। কান্দি শহরের বিনয় বাদল দীনেশ ক্লাবের পুজোয় উমা সাজবেন বনকাপাসি সাজে

সুদৃশ্য প্যান্ডেলের ও থার্মোকলের মন্ডপ। থাকছে দরিদ্র সেবার ব্যবস্থা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। খুশি পুজো উদ্যোক্তারা কান্দির মানুষের সহযোগিতা পেয়ে। কারণ সকলই হচ্ছে এলাকার বাসিন্দাদের সাহায্য নিয়ে। মুর্শিদাবাদের কান্দির পেট্রোল পাম্পের বিনয় বাদল দীনেশ ক্লাবের পুজোয় এবার এই থিম দেখা যাবে পুজো মন্ডপে। প্রতিমার থিম বাংলার একচালির উপর প্রতিমা। মন্ডপের সাথে সাথে হাল ফ্যাসানের ডিজিটাল আলোর খেলার মধ্যে দেখা যাবে সমাজের উন্নয়নের নানা চিত্র। সব মিলিয়ে কান্দির পেট্রোল পাম্পের বিনয় বাদল দীনেশ ক্লাবের পুজোয় এবার মন্ডপ থেকে লাইট, প্রতিমা থেকে শান্ত পরিবেশ সবই থাকছে পুরস্কার জেতার অপেক্ষায়। উদ্যোক্তারা থেকে প্রতিমা শিল্পীরা সকলেই ব্যস্ত তুলির শেষ টান দিতে। কান্দি

ডিএসপি-র শ্রমিকেরা ১৩০০০ টাকা করে পুজো বোনাস পাবেন

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ সেইল এবার বেশ ভালোই লাভ করেছে। দুর্গাপুর ইস্পাত কারখানাও দেখেছে লাভের মুখ। কয়েকদিন আগে দুর্গাপুর ইস্পাত কারখানার এক শ্রমিক সংগঠন ২০ হাজার টাকা বোনাসের দাবিতে বিক্ষোভ দেখায়। কিন্তু এবার দুর্গাপুর ইস্পাত কারখানার শ্রমিকেরা পুজো বোনাস পাবেন ১৩ হাজার টাকা করে। দুর্গাপুর শ্রমিক ইউনিয়নগুলি সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার দিল্লিতে পুজো বোনাস নিয়ে সেইল কর্তৃপক্ষ এবং সমস্ত শ্রমিক ইউনিয়নগুলির প্রতিনিধিদের মধ্যে এক আলোচনা হয়। সেই আলোচনায় সেইল কর্তৃপক্ষ পুজো বোনাস হিসাবে ১১০০০ টাকা দেওয়ার কথা ঘোষণা করে। কিন্তু শ্রমিক সংগঠনগুলির প্রতিনিধিরা ১৫০০০ টাকা করে পুজো বোনাস দাবি করে। আলোচনায় স্থির হয় এবার ১৩০০০ টাকা করে পুজো বোনাস দেওয়া হবে। দুর্গাপুর ইস্পাত কারখানার শ্রমিকেরা পুজো বোনাস পাবেন ১৩০০০ টাকা করে বলে জানা গিয়েছে শ্রমিক ইউনিয়নগুলির পক্ষ থেকে। খুব একটা খুশি নয় দুর্গাপুর ইস্পাত কারখানার শ্রমিকেরা। শ্রমিকদের ক্ষোভ, কারখানায় ঘাম ঝড়ায় শ্রমিকেরা কিন্তু পুজো বোনাসের ক্ষেত্রে তাঁরাই সবচেয়ে কম পান আর অফিসারেরা পান বেশি। এই অসাম্য দূর করার দাবি করছেন কারখানার শ্রমিকেরা। সূত্রের খবর, দুর্গাপুর মিশ্র ইস্পাত কারখানার কর্মীরা পুজো বোনাস পাবেন ১১০০০ টাকা করে।

কান্দিতে আত্মঘাতী

নিজস্ব সংবাদদাতা, কান্দি ঃ পারিবারিক বিবাদের জেরে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করলেন এক গ্রামবাসী। বুধবার রাতে মুর্শিদাবাদের কান্দির খোশবাসপুর গ্রামে ঘটনাটি ঘটে। অপরদিকে ঘটনার পর এলাকার বাসিন্দারা যুবককে উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে নিয়ে এলে ডাক্তার দেখে মৃত ঘোষণা করেন।

পুলিশ জানিয়েছে, মৃত ব্যক্তির নাম প্রসাদ মিত্র (৪৬)। বাড়ি কান্দি থানার খোশবাসপুর গ্রামে।

ফের অভিযুক্ত বিধায়কপুত্র

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ আবারও শিরোনামে হুগলি জেলার আরামবাগের বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরার পুত্র পিনাকী সাঁতরা। এবারেও কলেজের ছাত্রদের উপর মারধরের অভিযোগ উঠলো তার ও তার দলবলের বিরুদ্ধে। এই মর্মে বুধবার সন্ধ্যায় আক্রান্ত তিন ছাত্র মহকুমা পুলিশ আধিকারিকের কাছে লিখিত অভিযোগ জমা দেয়। সেই অভিযোগের প্রতিলিপি তারা পাঠিয়ে দেয় আরামবাগ থানার আইসি-র কাছে। অভিযোগপত্র থেকে জানা গেছে, আরামবাগের সুপ্রসিদ্ধ নেতাজি মহাবিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র হেমন্ত পাল, সূর্য ঘোষ ও চয়ন মুখোপাধ্যায়কে কলেজের ছাত্রসংসদের রুমে নিয়ে গিয়ে গালিগালাজ ও চড় মারে পিনাকী। এর পর কলেজের বাইরেও তাদের মারধর করা হয়। এমনকি পিনাকী ও তার দলবল তাদের ৩ জনকে ছাত্রসংসদের রুমের ভেতরে থাকা উইকেট দিয়ে এলোপাথারি মারধর করে এবং হেমন্ত পালের কাছে থাকা সাড়ে ৩০০ টাকা ছিনিয়ে নেয়। এই ঘটনায় আতঙ্কিত হেমন্ত বলে, যে ঘটনা আমাদের সাথে ঘটল তাতে ভবিষ্যতে কলেজে যেতেও ভয় করছে। যার নেতৃত্বে এই মারধরের ঘটনা ঘটেছে সে কলেজের সাত্ত্বায়ী কর্মী হলেও ছাত্রসংসদের রুমেই বেশিরভাগ সময় বসে থাকে এবং দাদাগিরি করে। তার একমাত্র কারণ তার বাবা আরামবাগের বিধায়ক। কিন্তু এই প্রসঙ্গে পিনাকী সাঁতরার বক্তব্য, ঘটনার সময় আমি সেখানে উপস্থিতই ছিলাম না। আমাকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। তবে এই ধরণের ঘটনা বারবার ঘটায় বিধায়ক পুত্রের দাদাগিরির উপর অসন্তোষ প্রকাশ করেছেন কলেজের অধ্যাপক, অধ্যাপিকা, কর্মী থেকে ছাত্র-ছাত্রীদের একটা বড় অংশ। তাঁদের বক্তব্য, অন্যায় সেই করুক আইনের উর্দ্ধে কেউ নয়। প্রশাসন সঠিক সিদ্ধান্ত যেন নেয়।

বৃহস্পতিবার শ্রীরামপুরের বিজেপির সাংগঠনিক জেলা কর্মীসভা অনুষ্ঠিত হয়ে গেল রিষড়া ৩ নং নতুনগ্রামের একটি বেসরকারি লজে। এই সভায় উপস্থিত ছিলেন, বিজেপির রাজ্যসভাপতি দিলীপ ঘোষ, শ্রীরামপুর সাংগঠনিক জেলার সভাপতি সুমন ঘোষ ও শ্রীরামপুর সাংগঠনিক জেলার কর্মী ও সমর্থকেরা। দিলীপবাবু বলেন, রাজ্যে যে আগুন জ্বলছে এর জন্য দায়ী তৃণমূল কংগ্রেস। আমরা মেডিকেল কলেজের বিধ্বংসী আগুনের পূর্ণাঙ্গ আইএনআই তদন্ত দাবি করছি।